



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/28/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল কর্মীদের প্রতিশোধ থেকে সুরক্ষা দিতে বিধিমালায় স্বাক্ষর করেছেন

বিধিমালা (S.4394-A/A.5144-A) কর্মী এবং প্রাক্তন কর্মীদের বেআইনি বা বিপজ্জনক ব্যবসা কার্যক্রমের বিরুদ্ধে অভিযোগ করার ফলে নিয়োগকর্তা কর্তৃক প্রতিশোধমূলক পদক্ষেপ থেকে রক্ষা করে

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা স্বাক্ষর করেছেন যা কর্মীদের বেআইনি বা বিপজ্জনক ব্যবসা কার্যক্রমের বিরুদ্ধে অভিযোগ করার ফলে নিয়োগকর্তা কর্তৃক প্রতিশোধমূলক পদক্ষেপ থেকে রক্ষা করে। বেসরকারি খাতের কর্মীদের জন্য এই বিশেষ সুরক্ষা সম্প্রসারণ করা হয়েছে যারা এই বিল কার্যকর হওয়ার পূর্বে কম সুরক্ষিত ছিল। কর্মীদের সংজ্ঞা সংশোধন করে প্রাক্তন কর্মীদের যোগ করা হয়েছে, যার মাধ্যমে তাদের সুরক্ষা দেওয়া হবে যারা চাকরি পরবর্তী সময়ে প্রতিশোধ পরায়ণতার শিকার হয়েছেন। এই বিধিমালা প্রতিশোধমূলক পদক্ষেপের সংজ্ঞা সম্প্রসারিত করেছে, যার মধ্যে এখন পদক্ষেপ বা পদক্ষেপ নেওয়ার হুমকি যা একজন প্রাক্তন কর্মীর বর্তমান বা ভবিষ্যৎ চাকরির উপর বিরূপ প্রভাব ফেলতে পারে এবং অভিবাসন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা বা অভিবাসন কর্তৃপক্ষের সাথে যোগাযোগের হুমকি প্রদান অন্তর্ভুক্ত থাকবে। প্রাক্তন কর্মীদের নতুন আইনের অধীনে কভারেজ যোগ করার ফলে, সীমাবদ্ধতার কারণে সংবিধি দুই বছর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে যাতে প্রতিশোধ পরায়ণতার ক্ষেত্রে যথাযথ পদক্ষেপ নেওয়া নিশ্চিত করা যায়।

"যদি আমরা মহামারী থেকে কিছু শিখে থাকি, তা হল, আমাদের সর্বাঙ্গীণ অর্থনৈতিক পুনরুদ্ধারে কর্মীদের সুরক্ষা অন্তর্ভুক্ত হতে হবে," **গভর্নর হোকল বলেন।** "এই বিধিমালা নিশ্চিত করে যে, কর্মীরা বিপজ্জনক বা বেআইনি ব্যবসা অনুশীলনগুলির বিপক্ষে তাদের কণ্ঠস্বর তুলতে পারবে যা তাদের স্বাস্থ্য এবং কল্যাণকে ঝুঁকির মুখে ফেলে। কোন কর্মীকেই নিম্নমানের কর্ম পরিবেশে কাজ করতে বাধ্য হওয়া উচিত নয়, তাই কর্মক্ষেত্রে প্রতিশোধমূলক পদক্ষেপ ঠেকানোর মাধ্যমে আমি নিউ ইয়র্কের কর্মীদের আরও সুরক্ষা দিতে পেরে গর্বিত।"

কর্মীরা তাদের চাকরির দায়িত্বে মধ্যে থেকে বা তা অতিক্রম করে অভিযোগের ক্ষেত্রেও সুরক্ষা পাবেন। এই বিধিমালা আরও নিশ্চিত করে যে কর্মীদের কেবল প্রমাণ করতে হবে যে তারা সঙ্গত কারণে বিশ্বাস করেন যে আইনের লঙ্ঘন হয়েছে অথবা গুরুতর বা নির্দিষ্ট বিপদ রয়েছে - যেখানে পূর্বে প্রতিশোধমূলক পদক্ষেপ থেকে সুরক্ষা পেতে তাদের আইনের প্রকৃত লঙ্ঘন প্রমাণ করতে হত যা একটি গুরুতর বা নির্দিষ্ট বিপদের কারণ - নতুন পদক্ষেপ হুইসেল ব্লোয়িং এর সুরক্ষিত ধরণ সম্প্রসারণ করে। এই বিধিমালা কর্মীদের সুরক্ষাকে অগ্রাধিকার দেয় এবং তাদের

আশ্বস্ত করে যে তারা তাদের জীবিকা ঝুঁকির মুখে না ফেলেই বেআইনি এবং বিপজ্জনক কর্মকাণ্ডের বিরুদ্ধে অভিযোগ জানাতে পারবেন।

সিনেটর জেসিকা রামোস বলেন, "যখন একজন কর্মী এগিয়ে এসে বিপদ বা বেআইনি কর্ম পরিবেশ সম্পর্কে জানায়, তাদের এটা জানার নিরাপত্তা থাকা উচিত যে এই সাহসী পদক্ষেপ নেওয়া ভবিষ্যতে তাদের জন্য বিপদের কারণ হয়ে উঠবে না। S.4394A সরকারি কর্মীদের জন্য উপলভ্য হুইসেল ব্লোয়ার সুরক্ষা বেসরকারি কর্মীদের জন্য সম্প্রসারণ করে - যার মধ্যে স্বতন্ত্র ঠিকাদারও অন্তর্ভুক্ত। মহামারীর চূড়ান্ত পর্যায়ে কর্মীদের অভিজ্ঞতার মাধ্যমে এবং কর্মীদের বৈঠক শনাক্তকরণের দেশ ব্যাপী ব্যাপক সমস্যাজনক প্রচেষ্টার মুখে এই বিধিমালার গুরুত্ব প্রমাণিত হয়েছে। এই বিলে স্বাক্ষর করার মাধ্যমে গভর্নর হোকল কর্মীদের উদ্দেশ্যে এই বার্তা পাঠানোর জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছেন যে আমরা তাদের পক্ষে আছি, এবং কর্মক্ষেত্রে তাদের স্বাস্থ্য, সম্মান এবং নিরাপত্তা খুবই গুরুত্বপূর্ণ।"

অ্যাসেম্বলিমেন্সার মাইকেল বেনেডেটো বলেন, "আজকে নিউ ইয়র্কের কর্মীদের জন্য একটি ভালো দিন। তারা কর্মক্ষেত্রে তাদের দেখা বা সন্দেহ করা অন্যান্যের বিরুদ্ধে অভিযোগ জানাতে মুক্ত, কোনরূপ প্রতিশোধ পরায়ণ পদক্ষেপের ভয় ছাড়াই। আমি গভর্নর হোচুলকে এই বিলটিতে স্বাক্ষর করে বিচক্ষণতা প্রদর্শনের জন্য তাকে সাধুবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)